

তারিখ: ৩১.০১.২০১৭

বার্তা সম্পাদক সমীপে

সংবাদপত্রে প্রকাশার্থে

দৈনিক/সাপ্তাহিক/পাক্ষিক/বিটিভি/চ্যানেল আই/বাসস/ইউএনবি/বিবিসি বাংলাদেশ/ভয়েস অব আমেরিকা/

তারিখ: ৩১.০১.২০১৭

বিষয়: ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলায় ডৌহাখলা উচ্চ বিদ্যালয়ের ছাত্রীদের যৌনহয়রানির প্রতিবাদ করায় বখাটেদের দ্বারা বিদ্যালয়ে ঢুকে ৯জন ছাত্রকে পিটিয়ে জখম করার ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে ঘটনার সাথে জড়িতদের দ্রুত গ্রেফতার, যথাযথ শাস্তির লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ এবং নির্যাতনের শিকার ছাত্রদের সুচিকিৎসাসহ সকল ছাত্র-ছাত্রীদের নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ৩১.০১.২০১৭ তারিখ দৈনিক যুগান্তর পত্রিকায় “গৌরীপুরে স্কুলে ঢুকে ৯ ছাত্রকে হাতুড়িপেটা” শিরোনামে প্রকাশিত সংবাদ মাধ্যমে জানতে পারি যে, ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলায় ডৌহাখলা উচ্চ বিদ্যালয়ের ছাত্রীদের যৌনহয়রানির প্রতিবাদ করায় বখাটেদের দ্বারা বিদ্যালয়ে ঢুকে ৯জন ছাত্রকে পিটিয়ে জখম করার ঘটনা ঘটেছে। জানা যায়, গত ২৯.০১.২০১৭ তারিখ ডৌহাখলা উচ্চ বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠান চলছিল। এসময় উল্লিখিত ইউনিয়নের বাসাটি গ্রামের আবদুল কুদ্দুস চৌধুরীর বখাটে ছেলে সজীব চৌধুরী এবং ফজলুল হকের ছেলে ইমরান হোসেনসহ কয়েকজন বিদায়ী ছাত্রীদের শরীরে জিলাপী ছুড়ে মারলে বিদ্যালয়ের ছাত্ররা তাৎক্ষণিক প্রতিবাদ করে। এতে বখাটেরা ক্ষিপ্ত হয়ে পরের দিন গত ৩০.০১.১৭ তারিখ বখাটেরা ১০-১২ জন সন্ত্রাসীদের নিয়ে উক্ত বিদ্যালয়ে প্রবেশ করে ছাত্রদের উপর হামলা চালায়। এতে প্রায় ৯জন ছাত্র আহত হয় এবং নবম শ্রেণির ও অষ্টম শ্রেণির ছাত্র গুরুতর আহত হয়। বর্তমানে নির্যাতনের শিকার ছাত্ররা ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

বাংলাদেশ মহিলা পরিষদ ছাত্রীদের যৌনহয়রানির প্রতিবাদ করায় বখাটেদের দ্বারা বিদ্যালয়ে ঢুকে ৯জন ছাত্রকে পিটিয়ে জখম করার ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করেছে। ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে ঘটনার সাথে জড়িতদের দ্রুত গ্রেফতার, যথাযথ শাস্তির লক্ষ্যে ব্যবস্থা গ্রহণের আবেদন জানাচ্ছে। নির্যাতনের শিকার ছাত্রদের সুচিকিৎসাসহ সকল ছাত্র-ছাত্রীদের নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে অনুরোধ জানাচ্ছে। সেই সাথে যৌননিপীড়ন ও উত্ত্যক্তকরণের ঘটনা প্রতিরোধে মহামান্য হাইকোর্ট বিভাগের রায়ের আলোকে পৃথক আইন প্রণয়নসহ এ ধরনের ঘটনার পুনরাবৃত্তিরোধে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট প্রশাসনের নিকট জোর দাবি জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

আয়শা খানম

সভাপতি

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ

বাংলাদেশ মহিলা পরিষদ